গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির জানুয়ারি/২০২২ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ আ: খালেক মল্লিক অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সভার তারিখ	২২-০২-২০২৩
সভার সময়	বেলা-০২.৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	রেকর্ডেড

২.০ আলোচনা:

২.১। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এপিএ টিমের সদস্য-সচিব ও যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা) মোহাম্মদ ফারুক হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি উল্লেখ করেন যে, অদ্যকার সভায় ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র জানুয়ারি/২০২৩ পর্যন্ত অগ্রগতি পর্যালোচনার পাশাপাশি অংশীজন কর্তৃক মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকৃতি নির্ণায়ক (Performance Indicator) নির্ধারণ এবং মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের ক্ষেত্রে সুশাসনমূলক পাঁচটি কর্মপরিকল্পনা যৌক্তিকীকরণের সুপারিশ প্রণয়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হবে। সভায় গত ২৬-০১-২০২৩ তারিখে অনুষ্ঠিত এপিএ পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় যে, জানুয়ারি/২০২৩ পর্যন্ত উৎপাদিত গ্যাস (আইওসি) ও উৎপাদিত গ্যাস (জাতীয় কোম্পানি) এর উৎপাদন যথাক্রমে ৩০৩.৮৭৮ বিসিএফ ও ১৮১.১০৪ বিসিএফ। এ দুটি সূচকের অগ্রগতি এ পর্যন্ত সন্তোষজনক পর্যায়ে রয়েছে। তেল/গ্যাসের উন্নয়ন/ওয়ার্কওভার কূপ খননের লক্ষ্যমাত্রা ৪টির বিপরীতে জানুয়ারি/২৩ পর্যন্ত ৪টি যথাক্রমে জালালাবাদ-৪, সেমুতাং-৫, বিয়ানীবাজার-১ ও ভোলা নর্থ-২ কূপ খনন সম্পন্ন হয়েছে, যা লক্ষ্যমাত্রার শতভাগ। যে সকল সূচকের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সে সকল সূচকের প্রমাণক প্রস্তুতের কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.২। সভায় জানানো হয় যে, জানুয়ারি/২৩ পর্যন্ত কয়লা আহরণের পরিমাণ ৫.০২৪৭১ লক্ষ মে.টন, পেট্রোলিয়াম প্রোডাক্টসের উৎপাদনের পরিমাণ ২৩৯.৫০২ মিলিয়ন লিটার ও আমদানিকৃত এলএনজির পরিমাণ ১৯.৭৫ লক্ষ মেট্রিক টন, যা লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি সন্তোষজনক। সভাপতি বলেন যে, ৩ডি সিসমিক জরিপ চূড়ান্তভাবে কতটুকু সম্পন্ন হয়েছে, তা সুনির্দিষ্টভাবে অবহিত হওয়া প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক, এমজিএমসিএল বলেন যে, মধ্যপাড়া পাথর খনির উৎপাদন অব্যাহত রয়েছে এবং ২০-০২-২০২৩ তারিখ পর্যন্ত ২ লক্ষ ৪৩ হাজার মেট্রিক টন পাথর বিক্রি করা হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৬১%। তিনি অবহিত করেন যে, নির্ধারিত সময়ে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। স্থানীয় মুদ্রায় পাথর বিক্রির সমন্বয়ের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। সে অনুযায়ী পাথর বিক্রি অব্যাহত রয়েছে। সভাপতি বিপণনকৃত কঠিন শিলার সর্বশেষ অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণের নির্দেশনা প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল জানান যে, ৭টি ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপন কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমানে কানেকশন ও টেস্টিং কার্যক্রম চলামান রয়েছে। সভাপতি বলেন যে, ৭টি ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপনের কমিশনিং সম্পন্নের পর পিইসি/পিআইসি সভার কার্যবিবরণীসহ অগ্রগতি প্রেরণ করতে হবে।

২.৩। বিসিএমসিএল এর প্রতিনিধি জানান যে, আলীহাট আয়রন ফিল্ডের প্রি-ফিজিবিলিটি স্টাডির ড্রাফট ইন্টারিম রিপোর্ট প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় মালামালসমূহ বর্তমানে বেনাপোল পোর্টে এসে অপেক্ষা করছে। মালামালসমূহ পোর্ট হতে খালাস হওয়ার

পর শীঘ্রই বোরহোল ড্রিলিং কার্যক্রম শুরু হবে। সভাপতি নির্ধারিত সময়ে এ সূচকটির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম ত্বরান্বিত করার এবং কোন চ্যালেঞ্জ থাকলে তা সময়ে সময়ে অবহিত করার নির্দেশনা প্রদান করেন। সভায় জানানো হয় যে, এলএনজি ভর্তুকি নীতিমালা চূড়ান্তকরণ/নিষ্পত্তিকরণের বিষয়ে মতামত প্রদানের জন্য অর্থ বিভাগকে পুনরায় অনুরোধের জন্য উন্নয়ন-২ অধিশাখা হতে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এছাড়া, Integrated Power and Energy Master Plan (IPEMP) এর খসড়া প্রণয়নের অগ্রগতি সঠিকভাবে অবহিত করা হচ্ছে না। সভাপতি আগামী সভায় এ দুটি কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি আগামী সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।

২.৪। সভায় অংশীজন কর্তৃক মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকৃতি নির্ণায়ক (Performance Indicator) নির্ধারণ সংক্রান্ত দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তথ্য উপস্থাপন করা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, ভূমি মন্ত্রণালয়, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, আইন মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়, অর্থ বিভাগ ইত্যাদি মন্ত্রণালয়/বিভাগে এ বিভাগের আওতাধীন বিভিন্ন কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে এ সকল মন্ত্রণালয়ে বিভিন্ন কার্যক্রম অন্তর্ভুক্ত করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং যে সকল দপ্তর/সংস্থা তথ্যাদি প্রেরণ করেনি তাদেরকে দ্রুততম সময়ে তথ্যাদি প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভায় মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের ক্ষেত্রে সুশাসনমূলক পাঁচটি কর্মপরিকল্পনা যৌক্তিকীকরণের সুপারিশ প্রণয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। দপ্তর/সংস্থা/কোম্পানীর প্রতিনিধিগণ তাদের মতামত উপস্থাপন করেন। সভাপতি এ সংক্রান্ত মতামত সমন্বিতপূর্বক দ্রুততম সময়ে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৩.১	যে সকল কার্যক্রমের লক্ষ্যমাত্রা ইতোমধ্যে অর্জিত হয়েছে মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী সে সকল কার্যক্রমের প্রমাণক প্রস্তুতের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।	পেট্রোবাংলা/বাপেক্স/ এসজিএফএল
৩.২	৩ডি সিসমিক জরিপ চূড়ান্তভাবে কতটুকু সম্পন্ন হয়েছে, তা সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক আগামী সভার পূর্বে এ বিভাগে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ এসজিএফএল
৩.৩	বিপণনকৃত কঠিন শিলার সর্বশেষ অগ্রগতি আগামী সভার পূর্বে এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ এমজিএমসিএল
৩.৪	৭টি ওয়েলহেড গ্যাস কম্প্রেসর স্থাপনের কমিশনিং সম্পন্নের পর পিইসি/পিআইসি সভার কার্যবিবরণীসহ অগ্রগতি এ বিভাগে প্রেরণ করতে হবে।	পেট্রোবাংলা/ বিজিএফসিএল
৩.৫	এলএনজি ভর্তুকি নীতিমালা চূড়ান্তকরণ/নিষ্পত্তিকরণের বিষয়ে অর্থ বিভাগের মতামত সংগ্রহের জন্য নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	উন্নয়ন-২ অধিশাখা
৩.৬	Integrated Power and Energy Master Plan (IPEMP) এর খসড়া প্রণয়নের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	উন্নয়ন অনুবিভাগ/ এপিএ টিম
৩.৭	যে সকল দপ্তর/সংস্থা অংশীজন কর্তৃক মন্ত্রণালয়/বিভাগসমূহের কর্মকৃতি নির্ণায়ক (Performance Indicator) নির্ধারণ সংক্রান্ত তথ্যাদি এ বিভাগে প্রেরণ করেনি তাদেরকে দ্রুত তথ্যাদি প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী
৩.৮	দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের ক্ষেত্রে সুশাসনমূলক পাঁচটি কর্মপরিকল্পনা যৌক্তিকীকরণের সুপারিশ সমন্বয়পূর্বক দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থা/কোম্পানী

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ আ: খালেক মল্লিক
অতিরিক্ত সচিব (প্রশাসন) ও এপিএ টিম
লিডার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.১০৫

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) এপিএ টিম, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৭) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট
১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১১) ব্যবস্থাপনা পরিচালক (সকল), পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানীসমূহ
১২) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব